DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 06:15 AM

রাজনীতি

# স্থানীয় নির্বাচনে প্রার্থী হতে পারবেন না শিক্ষকরা, সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জামায়াতের

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২৯ জুলাই ২০২৬, ০২:৫৮ PM



ছবি সংগৃহীত

স্থানীয় নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অংশ নিতে পারবেন না ইসির এমন সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জানিয়েছে জামায়াত। আজ বুধবার নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করে এ দাবি জানানো হয় দলের পক্ষ থেকে।

সকালে রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করে জামায়াতে ইসলামীর একটি প্রতিনিধি দল। বৈঠক শেষে ব্রিফিংয়ে এসব তথ্য জানান দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, 'সংবিধানে এমপিওভুক্ত শিক্ষকদের রাজনীতি করা তো নিষিদ্ধ নেই। জাতীয় নির্বাচনেও তাদের প্রার্থী হওয়ার সুযোগ দেওয়া হয়েছে।

তাহলে স্থানীয় নির্বাচনে তাদের অংশ নিতে না দেওয়াটা দ্বিচারিতা।'

মিয়া গোলাম পরওয়ার বলেন, 'দেশের নাগরিক হিসেবে তাদের রাজনীতি করার এবং নির্বাচনে অংশগ্রহণের অধিকার আছে।'

আমরা ইসিকে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে পূর্বের সিদ্ধান্ত বহলের দাবি জানিয়েছি, বলেন মিয়া গোলাম পরওয়ার। তিনি জানান, ইসি বিষয়টি নিয়ে আলোচনা করবেন বলে আশ্বাস দিয়েছে।

ইসি সচিবালয়ে অতিরিক্ত সচিব পদে এক বছরের চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত মো. সামসুল আলমের নিয়োগ বাতিল চেয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, নির্বাচন কমিশনের মতো জায়গায় সামসুল আলমের নিয়োগ পরবর্তী নির্বাচনগুলোকে প্রভাবিত করবে।

ভিডিওকাণ্ডে দল থেকে বহিষ্কৃত সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের পদত্যাগের বিষয়ে ইসির সঙ্গে কোনো আলোচনা হয়েছে কি না জানতে চান সাংবাদিকরা। জামায়াত সেক্রেটারি জানান, এবিষয়ে কোনো আলোচনা হয়নি।

তিনি বলেন, 'পদত্যাগের বিষয় সেই ব্যক্তির, নির্বাচন কমিশন এবং স্পিকারের।

আমরা দলের পক্ষ থেকে পদক্ষেপ নিয়েছি, তাকে বহিষ্কার করা হয়েছে।'

---

## এ বিভাগের আরও খবর



**রাষ্ট্রপতি নির্বাচন: অলি আহমদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা**

আগামী ২০ আগস্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে ক্ষমতাসীন দল বিএনপি ও প্রধান বিরোধীদল জামায়াতে ইসলামী...



**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




### বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



### বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://dhakaprobe.com/politics/sthaniy-nirbachne-prarthi-hte-parben-na-shikshkra-siddhant-punrbibechnar-dabi-jamayater